দৈনিক খবর

তারিখ ... 31 JAN 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

25

177

# চট্টগ্রাম আদালত ভবনে ছাত্র ঐক্যের প্রতীক অনশন

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ৩০শে জানুয়ারী।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র ফারুকুজ্জামান ফারুক এবং অভিভাবক শোয়েব আহমদ খান হত্যাকাণ্ডের সাথে জড়িতদের অবিলম্বে গ্রেপ্তারের দাবীতে চাকসু ও সর্বদলীয় ছাত্র ঐক্যের উদ্যোগে আজ আদালত ভবনে প্রতীক অনশন কর্মসূচী পালিত হয়।

চাকসু ভিপি নাজিমউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সমাবেশে অবিলম্বে হত্যাকারীদের গ্রেপ্তারের

২–এর পাতায় দেখুন

## চট্টগ্রাম আদালত

প্রথম পৃষ্ঠার পর

আহবান জানানো হয়। অন্যথায় বৃহত্তর আন্দোলনের কর্মসূচী দেয়া হবে বলে ঘোষণা করা হয়। মনজুর আলম শাহীন, ইফতেখার হোসেন চৌধুরী, নাজমুল করিম, জসিমউদ্দিন, অজিৎ বড়ুয়া, আবদুল মান্নান, মহিউদ্দিন বাদল, জামিলা আকতার চট্টলা এবং রুবানা কাফি ঝর্ণা বক্তব্য রাখেন।

চট্টগ্রাম পেশাজীবী সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দ বেলা আড়াইটায় অনশন ভঙ্গ করান। পরে জেলা প্রশাসনের কাছে স্মারকলিপি পেশ করা হয়।

## গণতন্ত্রের অভিযাত্রা

চট্টগ্রাম সম্মিলিত পেশাজীবী সংগ্রাম পরিষদ ও সাংস্কৃতিক জোটের যৌথ উদ্যোগে আগামী ১১ ও ১২ই ফেব্রুয়ারী চট্টগ্রাম থেকে কক্সবাজার পর্যন্ত গণতন্ত্রের অভিযাত্রা অনুষ্ঠানের কর্মসূচী নেয়া হয়েছে। সন্ত্রাসমুক্ত নির্বাচন অনুষ্ঠান এবং মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বস্ত সৎ প্রার্থীকে ভোটদানে জনসাধারণকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে এই কর্মসূচী নেয়া হয়েছে। এ সময় চট্টগ্রাম থেকে কক্সবাজার পর্যন্ত বিভিন্ন উপজেলা সদরে সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের কর্মসূচী গৃহীত হয়েছে। বিচারপতি কে এম সোবহান, মামুনুর রশীদ, আসাদুজ্জামান নূর, সুবর্ণা মোস্তফা কর্মসূচীতে অংশ নেবেন।